



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ৩০ নভেম্বর, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ৩০ নভেম্বর, ২০১৮ তারিখ সকাল ৯.৩০ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ গণিত বিভাগের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের হ্যান্ডবল মাঠে “Bangladesh Mathematical Society- A. F. Mujibur Rahman Foundation 10<sup>th</sup> National Undergraduate Mathematics Olympiad- 2018 (Sylhet Region)” শীর্ষক প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ অংশগ্রহণকারী সকল প্রতিযোগীদের ধন্যবাদ দিয়ে বলেন, গণিতের অবদান আমাদের জীবনে অনস্বীকার্য। বিশ্বায়নের নবদিগন্তের সুফল ঘরে তোলতে গণিতের ব্যবহার কার্যকরী পর্যায়ে পৌঁছাতে হবে। গণিতকে মনের গভীরে স্থান করে দিতে আজকের এই আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ ইলিয়াস উদ্দীন বিশ্বাস। 10<sup>th</sup> National Undergraduate Mathematics Olympiad- 2018 এর সমন্বয়ক ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. আব্দুল হাকিম খান এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তাফিজুর রহমান। অনুষ্ঠানে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোঃ সাজেদুল করিম, প্রফেসর ড. মোঃ রাশেদ তালুকদার, সেন্টার অব এক্সেলেন্স এর পরিচালক প্রফেসর ড. মোঃ আখতারুল ইসলাম, প্রফেসর ড. মোঃ আশরাফ উদ্দিন, প্রফেসর ড. মোঃ মাহবুবুর রশিদ, প্রফেসর ড. নাজনীন আক্তার, প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম, প্রফেসর ড. কাওসারী সুলতানা, প্রফেসর ড. রেজওয়ান আহমেদ এবং প্রফেসর ড. পাবেল শাহরিয়ার।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ গোলাম আলী হায়দার চৌধুরী এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন গণিত বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মোঃ মতিয়ার রহমান।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার